দৈনিক সংবাদ

তারিখ 16 MAY 1987
পৃষ্ঠা ... ... কলাম ...

002

## প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধিদল রাষ্ট্রপতির সাথে দেখা করেছেন

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল গতকাল শুক্রবার রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সাথে সাক্ষাৎ করেন।

বাসস জানায়, সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের নেতৃত্বে প্রতিনিধিদলের সদস্যবর্গ প্রাথমিক শিক্ষকদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করায় রাষ্ট্রপতির প্রতি তাদের কৃতজ্ঞতা জানান।

প্রতিনিধিদল প্রাথমিক শিক্ষক সমিতির আসন্ন সম্মেলন উদ্বোধন করার জন্যও রাষ্ট্রপতির প্রতি অনুরোধ জানান।

### দরিদ্র ও মেধাবী ছাত্রদের জন্য শিক্ষাঋণ

এক তথ্য বিবরণীতে জানান হয়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, দরিদ্র ও মেধাবী ছাত্রদের জন্য শিক্ষা ঋণ প্রদানের

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

### প্রাথমিক শিক্ষক সমিতি

(১ম পাতার পর)

একটি পরিকল্পনাও শিক্ষা মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। অর্থাভাবে যেসব মেধাবী ছাত্র প্রয়োজনীয় বা উচ্চ শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত সেসকল ছাত্রকে অকালে ঝড়তে না দেয়াই এই ঋণ প্রদানের লক্ষ্য।

মন্ত্রী গতকাল সকালে তার সরকারী বাসভবনে প্রাথমিক শিক্ষক সমিতির শতাধিক কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দের সাথে আলোচনাকালে একথা বলেন।

মন্ত্রীর সাথে তারা প্রাথমিক শিক্ষকদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় এবং প্রাথমিক শিক্ষার ব্যাপারে আলোচনা ও মতবিনিময় করেন।

মন্ত্রী ঘোষণা করেন যে, আগামী বছর থেকে জেলাভিত্তিক একজন করে সর্বোৎকৃষ্ট শিক্ষককে রাষ্ট্রীয় পর্যায়ে সম্মানিত ও পুরস্কৃত করা হবে। —খবর তথ্য বিবরণীর।